

জাতীয়করণে শিক্ষকদের আলটিমেটাম, ১৫ সেপ্টেম্বর থেকে নতুন কর্মসূচি

অনলাইন ডেক্স



ছবি : ফোকাস বাংলা

জাতীয়করণের দাবিতে আন্দোলনরত শিক্ষকরা দাবি আদায়ে ১৪

সেপ্টেম্বর পর্যন্ত সময় বেঁধে দিয়েছে সরকারকে। এর মধ্যে দাবি
না মানলে আগামী ১৫ সেপ্টেম্বর সারা দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে
পূর্ণ দিবস কর্মবিরতি হৃষকিও দিয়েছেন তারা।

আজ বুধবার শিক্ষা উপদেষ্টার সঙ্গে বৈঠক শেষে এই ঘোষণা দেন

শিক্ষকপ্রতিনিধিরা।

জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্য সচিব অধ্যক্ষ দেলোয়ার

হোসেন আজীজী জানান, তাদের দাবি যৌক্তিক।

যা আদায়ে ৩০ দিনের সময় দেওয়া হয়েছে। এর মধ্যে দাবি মানা

না হলে সর্বাত্মক আন্দোলনে যাবেন তারা। এ সময় ১৫ সেপ্টেম্বর

এমপিওভুক্ত দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে পূর্ণাঙ্গ কর্মবিরতির

হশিয়ারি দেন তিনি।

এর আগে দুপুরে শিক্ষা জাতীয়করণের দাবিতে সচিবালয়

অভিমুখে পদ্যাত্মা করেননি শিক্ষকরা।

পদ্যাত্মার পরিবর্তে পুলিশের সহায়তায় শিক্ষকদের একপি

প্রতিনিধি দল সচিবালয়ে যান শিক্ষা উপদেষ্টার সঙ্গে দেখা

করতে।